## শিবপুরে সহকারী প্রধান শিক্ষকের ঝুলন্ত লাশ উদ্ধার

**মো. জাকির হোসেন ভুইয়া, নরসিংদী**

নরসিংদীর শিবপুরে টেবিলে পড়ে ছিল একটি চিরকুট, আর কক্ষের সিলিং ফ্যানের সঙ্গে ঝুলছিল এক স্কুল শিক্ষকের দেহ। গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ৯টার দিকে উপজেলার কলেজগেইট স্কুলসংলগ্ন ভাড়াবাসা থেকে সহকারী প্রধান শিক্ষক মো. বিল্লাল হোসাইনের (৫০) ঝুলন্ত মরদেহ উদ্ধার করে শিবপুর থানা পুলিশ। নিহত বিল্লাল হোসাইন গাজীপুরের কাপাসিয়া উপজেলার গোসিংগা গ্রামের মৃত হাসান আলীর ছেলে। তিনি শিবপুর সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক হিসেবে কর্মরত ছিলেন। ২০১৬ সালে তিনি এ স্কুলে যোগ দিয়েছিলেন।

নিহতের স্ত্রী রুমা বেগম জানান, তিনি তার মেয়ে মরিয়মকে বাসার নিকটে বিদ্যালয়ে দিয়ে বাসায় ফিরে এসে দেখেন তাদের ঘরের দরজা বন্ধ। ডাকাডাকির পর দরজা না খোলায় তিনি ডাক চিৎকার করতে থাকেন। এসময় আশপাশের লোকজন ছুটে আসেন। পরে তারা পুলিশে খবর দেয়। স্থানীয় সূত্রে জানা যায়, নিহতের স্ত্রী রুমা বেগমের ডাক চিৎকারে পাড়া-প্রতিবেশীরা এসে পুলিশে খবর দেয়। পরে পুলিশ এসে দরজা ভেঙে ভেতরে প্রবেশ করে সিলিং ফ্যানের সঙ্গে রশি দিয়ে ঝুলন্ত অবস্থায় মো. বিল্লাল হোসাইনকে দেখতে পায়।

শিবপুর মডেল থানার উপপরিদর্শক (এসআই) মামুন জানান, খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে স্থানীয়দের সহায়তায় মরদেহ উদ্ধার করা হয়েছে। এ সময় কক্ষের টেবিল থেকে একটি চিরকুট উদ্ধার করে থানায় নেওয়া হয়। মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরি শেষে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে।

আত্মহত্যার আগে মো. বিল্লাল হোসাইন কি লিখেছিলেন, সেটি প্রকাশ করেনি সংশ্লিষ্টরা।

শিবপুর সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক নুর উদ্দিন মোহাম্মদ আলমগীর বলেন, বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষকের এমন মৃত্যু মেনে নেওয়া কষ্টকর। কেন তিনি আত্মহত্যা করলেন তা এখনো নিশ্চিত হওয়া যায়নি। তবে দীর্ঘদিন ধরে শারীরিক অসুস্থতার কারণে তিনি মানসিক হতাশায় ভুগছিলেন।

শিবপুর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ কোহিনূর মিয়া বলেন, ঘটনাস্থল থেকে একটি চিরকুট উদ্ধার করা হয়েছে। বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে। ময়নাতদন্ত শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

# দেশের উন্নয়নে সাতক্ষীরা পলিটেকনিক ইন্সটিটিউটের শিক্ষার্থীরা অবদান রাখছে

### –সেমিনারে জেলা পরিষদ প্রশাসক হাবিব

**মীর আবু বকর, সাতক্ষীরা**




কারিগরি শিক্ষার মানোন্নয়নে সাতক্ষীরা জেলার বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের বিশিষ্ট ব্যক্তিবর্গ ও কারিগরি উদ্যোক্তাগনের অংশগ্রহণে Importance of Industry-Polytechnic Institute Linkage to Enhance Technical Edge in Bangladesh”সেমিনারে অনুষ্ঠিত হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং (অঝঝঊঞ) প্রকল্পের আওতায় সাতক্ষীরা সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের বাস্তবায়নে বৃহস্পতিবার বেলা ১১ টায় সাতক্ষীরা সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের সম্মেলন কক্ষে অধ্যক্ষ প্রকৌশলী জিএম আজিজুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সাবেক এমপি ও জেলা পরিষদ প্রশাসক হাবিবুল ইসলাম হাবিব।

এসময় তিনি বলেন,সাবেক প্রধানমন্ত্রী আপোষহীন নেত্রী মরহুমা বেগম খালেদা জিয়া মাধ্যমে সাতক্ষীরা পলিটেকনিক উদ্বোধন করা হয়েছিল।দক্ষিণ বঙ্গের এই কারিগরি বিদ্যাপীঠ প্রতি বছর ভালো ফলাফল অর্জনে সুনাম ধরে রাখছে। শুধু তাই নয় দেশের উন্নয়নে সাতক্ষীরা পলিটেকনিক ইন্সটিটিউটের শিক্ষার্থীরা অবদান রাখছে। বর্তমান সরকার উদ্যোক্ত তৈরির ব্যাপারে উদ্যোগ গ্রহণ করেছেন। ভালো প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ উদ্যোক্তা গড়ে তুলতে হবে। তিনি আরো বলেন,উদ্যোক্তা তৈরীর ক্ষেত্রে কারিগারি শিক্ষা অগ্রণী ভূমিকা রাখছে। কারিগরি শিক্ষা গ্রহণ করে বিদেশে গেলে বেশি স্বাবলম্বী হওয়া যায়। একদিকে ব্যক্তির উন্নয়ন হবে অন্যদিকে রাষ্ট্র রেমিট্যান্স পাবে। সকলের সম্মিলিত প্রচেষ্টায় কারিগরি শিক্ষা কে এগিয়ে নিতে হবে। সাতক্ষীরা পলিটেকনিক ইনস্টিটিউট এগিয়ে নিতে সর্বোচ্চ চেষ্টা করব।বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন যশোর সরকারি সার্ভে ইন্সটিটিউটের অধ্যক্ষ ড এম এম নজমুল হক,ওজোপাডিকো নিবাহী প্রকৌশলী মোঃ সোয়াইব হোসেন।

বক্তব্য রাখেন ঢাকা শিক্ষা প্রকৌশলী অধিদপ্তরের সহকারী প্রকৌশলী জাহিদ বিন গফুর, সলিউশন লিমিটেড ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিনিয়ার আলমগীর হোসেন প্রমুখ।উক্ত সেমিনারে চিফ ইন্সট্রাক্টর (নন-টেক)ছিদ্দিক আলি, রেজিস্ট্রার হেলালে হায়দারের সঞ্চালনায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন চিফ ইন্সট্রাক্টর (টেক) আরএসি কল্লোল রায়, ইন্ডাস্ট্রি ইন্সটিটিউট লিংকেজের গুরুত্ব ও কারিগরি শিক্ষার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন পলিটেকনিক ইনস্টিটিউটের উপাধ্যক্ষ মহানন্দ মজুমদার, চিফ ইন্সট্রাক্টর (টেক) ইলেকট্রনিক্স মাছুম বিল্লাহ, ও চিফ ইন্সট্রাক্টর (নন-টেক) হাবিবুল্লাহ গাজী,সেমিনারের কোর্স কো-অর্ডিনেটর হিসেবে উপস্থিত ছিলেন ইন্সট্রাক্টর (কম্পিউটার) মোঃ সাইদুজ্জামান প্রমুখ।

## সরাইলে পুলিশের বিশেষ অভিযানে ৫ আসামি গ্রেপ্তার

**সরাইল (ব্রাহ্মণবাড়িয়া) প্রতিনিধি**

ব্রাহ্মণবাড়িয়ার সরাইলে পুলিশের বিশেষ অভিযানে নিয়মিত মামলার ৩ জন ও পরোয়ানাভুক্ত ২ জনসহ মোট ৫ জন আসামিকে গ্রেপ্তার করেছে সরাইল থানা পুলিশ। গত ২৪ ঘন্টায় সরাইল থানা পুলিশ কর্তৃক পরিচালিত বিশেষ অভিযানে তাদের গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃতদের মধ্যে নিয়মিত মামলার আসামিরা হলেনড় উপজেলার পাকশিমুল ইউনিয়নের তেলিকান্দি গ্রামের তারেক মিয়া (২৫), অরুয়াইল এলাকার মো. ইসমাইল মিয়া (৪৫) এবং কালিকচ্ছ ইউনিয়নের গলানিয়া গ্রামের আরমান মিয়া (৩২)। পুলিশ জানায়, তারেক মিয়ার বিরুদ্ধে সরাইল থানার মামলা নং-২৯, ইসমাইল মিয়ার বিরুদ্ধে মামলা নং-৭ এবং আরমান মিয়ার বিরুদ্ধে মামলা নং-২৭ (তারিখ ১৭/০৬/২০২৬) চলমান রয়েছে। এসব মামলার প্রেক্ষিতেই তাদের গ্রেপ্তার করা হয়। এছাড়া পরোয়ানাভুক্ত আসামি হিসেবে উপজেলার আখিতারা গ্রামের জুয়াইদ চৌধুরী ও অরুয়াইল গ্রামের সাগর দাসকে গ্রেপ্তার করা হয়েছে। তাদের বিরুদ্ধে আদালতের জারি করা পরোয়ানা ছিল। সরাইল থানার অফিসার ইনচার্জ ওসি মোঃ মনজুর কাদের ভুইয়া জানান, গ্রেপ্তারকৃত আসামিদের যথাযথ আইনি প্রক্রিয়া শেষে আদালতে পাঠানো হয়েছে। অপরাধ দমন ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।



# কৃষি উন্নয়নে দক্ষতা বৃদ্ধির ওপর জোর কালিয়াকৈরে ‘পার্টনার’ কংগ্রেস সভা

**কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধি**

গাজীপুরের কালিয়াকৈর উপজেলায় ‘প্রোগ্রাম অন এগ্রিকালচারাল অ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন এন্টারপ্রেনরশিপ অ্যান্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ’ (পার্টনার) প্রকল্পের আওতায় কংগ্রেস সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৮ জুন) সকালে উপজেলা পরিষদের সভাকক্ষে উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে এই সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এ এইচ এম ফখরুল হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাজীপুর-১ আসনের সংসদ সদস্য মো. মজিবুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাজীপুর জেলা কৃষি সম্প্রসারণ প্রশিক্ষণ কর্মকর্তা ড. মো. আব্দুল্লাহ আল মামুন। এ সময় আরও উপস্থিত ছিলেনড়উপজেলা কৃষি কর্মকর্তা জাহিদ হাসান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মিজানুর রহমান, উপজেলা মৎস্য কর্মকর্তা নাজমুল আলম, উপজেলা বিআরডিবির চেয়ারম্যান মোফাজ্জল হোসেন, উপজেলা অতিরিক্ত কৃষি কর্মকর্তা সাবিহা সুলতানাসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারী এবং স্থানীয় কৃষক-কৃষাণীবৃন্দ।

অনুষ্ঠানে বক্তারা বলেন, পার্টনার প্রকল্পের মূল লক্ষ্য ও উদ্দেশ্য হলো কৃষির টেকসই উন্নয়ন, নতুন কৃষি উদ্যোক্তা সৃষ্টি এবং গ্রামীণ অর্থনীতির বিকাশ ঘটানো। দেশের কৃষিকে প্রচলিত খোরপোষভিত্তিক চাষাবাদ থেকে বাণিজ্যিক কৃষিতে রূপান্তর, উৎপাদন বৃদ্ধি, কৃষিপণ্যের সঠিক বাজারজাতকরণ, খাদ্যের গুণগত মানোন্নয়ন এবং নিরাপদ খাদ্য ও পুষ্টির নিরাপত্তা নিশ্চিতকরণে এই প্রকল্প অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। কংগ্রেস সভা শেষে পার্টনার প্রকল্প উপলক্ষে উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে উপজেলা চত্বরে ফল মেলা, আইপিএম কর্নার, প্ল্যান্ট ডক্টরস ক্লিনিক এবং জিএপির (GAP) ফসলসমূহ ও জিএপি সার্টিফিকেট প্রসেস বুথ বিষয়ক বিভিন্ন স্টলের আয়োজন করা হয়।



## সরাইলে পার্টনার কংগ্রেস অনুষ্ঠিত

**সরাইল (ব্রাহ্মণবাড়িয়া) প্রতিনিধি**

ব্রাহ্মণবাড়িয়ার সরাইলে ২০২৫-২০২৬ অর্থবছরের প্রোগ্রাম অন এগ্রিকালচারাল অ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্টারপ্রেনারশিপ অ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) প্রকল্পের আওতায় পার্টনার কংগ্রেস-২০২৬ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৮ জুন) সকালে উপজেলা পরিষদ হলরুমে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সরাইলের উদ্যোগে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন উপজেলা মডেল মসজিদের ইমাম মাওলানা বাকী বিল্লাহ। কংগ্রেসের মূল উদ্দেশ্য ছিল কৃষি উৎপাদন বৃদ্ধি, নতুন জাতের সম্প্রসারণ, কৃষিপণ্যের বাজারজাতকরণ, খাদ্যের গুণগত মান উন্নয়ন এবং নিরাপদ খাদ্য সরবরাহ নিশ্চিত করতে প্রান্তিক কৃষকদের মাঝে কৃষি-তথ্য, আধুনিক প্রযুক্তি ও টেকসই কলাকৌশল পৌঁছে দেওয়া। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্রাহ্মণবাড়িয়ার জেলা কৃষি কর্মকর্তা মুনসী তোফায়েল হোসেন। বিশেষ অতিথি ছিলেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মনসুর আহমেদ, উপজেলা সমবায় কর্মকর্তা মো. জামাল উদ্দিন এবং সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল জব্বার। স্বাগত বক্তব্য দেন উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মো. একরাম হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. সাইফুল ইসলাম। এ সময় কৃষি বিভাগের কর্মকর্তা-কর্মচারী, বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তি, বেসরকারি সংস্থার প্রতিনিধি এবং কৃষক-কৃষাণীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা অতিরিক্ত কৃষি কর্মকর্তা মো. এমদাদুল হক।

## টেকনাফে মাদক মামলায় যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত পলাতক আসামি গ্রেপ্তার

**মোঃ আলমগীর আজিজ, টেকনাফ (কক্সবাজার)**

কক্সবাজারের টেকনাফে অভিযান চালিয়ে মাদক মামলায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত পলাতক আসামি খোরশেদ আলম (২৫) নামের এক যুবককে গ্রেপ্তার করেছে র‍্যাব। গতকাল ভোররাতে হ্নীলা ইউনিয়নের দমদমিয়া এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃত খোরশেদ আলম হ্নীলা ইউনিয়নের ছোট লেচুয়াপ্রাং এলাকার মোহাম্মদ সালামের ছেলে। বিষয়টি নিশ্চিত করেছেন র‍্যাব-১৫ এর সহকারী পরিচালক (ল’ অ্যান্ড মিডিয়া) সহকারী পুলিশ সুপার আ. ম. ফারুক। তিনি জানান, বৃহস্পতিবার ভোররাতে গোপন সংবাদের ভিত্তিতে র‍্যাব-সিপিসি-১ টেকনাফ ক্যাম্পের একটি চৌকস আভিযানিক দল হ্নীলা ইউনিয়নের দমদমিয়া এলাকায় অভিযান পরিচালনা করে। অভিযানে মাদক মামলার যাবজ্জীবন কারাদণ্ড ও ২০ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরও ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ডপ্রাপ্ত জিআর সাজা পরোয়ানাভুক্ত ওই পলাতক আসামিকে গ্রেপ্তার করতে সক্ষম হয়।

# চাঁপাইনবাবগঞ্জে নিরাপদ আম উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণে সেমিনার

**বদিউজ্জামান রাজাবাবু, চাঁপাইনবাবগঞ্জ**




আমের রাজধানীখ্যাত চাঁপাইনবাবগঞ্জে নিরাপদ আম উৎপাদন, পরিবহন, বিপণন ও প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে নতুন কর্মসংস্থান সৃষ্টির সম্ভাবনা নিয়ে সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বক্তারা বলেন, আধুনিক প্রযুক্তি ও মানসম্মত ব্যবস্থাপনার মাধ্যমে আম শিল্পকে আরও সমৃদ্ধ করা সম্ভব।

চাঁপাইনবাবগঞ্জে নিরাপদ আম উৎপাদন, পরিবহন, বিপণন ও প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকাল ১১টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসনের আয়োজনে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক আবু ছালেহ মো. মুসা জঙ্গী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, চাঁপাইনবাবগঞ্জের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. শরফ উদ্দিন। সেমিনারে ড. শরফ উদ্দিন নিরাপদ আম উৎপাদন, আধুনিক চাষাবাদ পদ্ধতি, আমের গুণগত মান বজায় রাখা, সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ এবং রপ্তানিযোগ্য আম উৎপাদনের বিভিন্ন দিক তুলে ধরেন। তিনি বলেন, আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতায় টিকে থাকতে হলে নিরাপদ ও মানসম্মত আম উৎপাদনের বিকল্প নেই।

বক্তারা বলেন, দেশের আমের রাজধানী হিসেবে পরিচিত চাঁপাইনবাবগঞ্জে বিষমুক্ত ও নিরাপদ আম উৎপাদনের পাশাপাশি আধুনিক প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণ ব্যবস্থার উন্নয়ন ঘটানো গেলে নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে। একই সঙ্গে দেশীয় বাজারের চাহিদা পূরণের পাশাপাশি বিদেশে আম রপ্তানির পরিধিও আরও বিস্তৃত হবে। সেমিনারে সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ বিভাগের প্রতিনিধি, আমচাষি, ব্যবসায়ী এবং সংশ্লিষ্ট অংশীজনরা অংশ নেন। তারা নিরাপদ আম উৎপাদন ও বাজারজাতকরণে সমন্বিত উদ্যোগ গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন।

সভায় আমের উৎপাদন থেকে শুরু করে ভোক্তার হাতে পৌঁছানো পর্যন্ত প্রতিটি ধাপে নিরাপত্তা, মান নিয়ন্ত্রণ এবং প্রযুক্তির ব্যবহার বাড়ানোর আহ্বান জানানো হয়। অংশগ্রহণকারীরা মনে করেন, এসব উদ্যোগ বাস্তবায়ন করা গেলে চাঁপাইনবাবগঞ্জের আম শিল্প আরও সমৃদ্ধ হবে এবং স্থানীয় অর্থনীতিতে ইতিবাচক প্রভাব ফেলবে।

## মৌলভীবাজারে মাদকমুক্ত সমাজ বিনির্মাণে কর্মশালা ও গণশুনানি অনুষ্ঠিত

**মৌলভীবাজার প্রতিনিধি**

মৌলভীবাজারে মাদকবিরোধী সচেতনতা সৃষ্টি, মেন্টর তৈরি এবং সেবাগ্রহীতাদের মতামত গ্রহণের লক্ষ্যে দিনব্যাপী প্রশিক্ষণ, কর্মশালা ও গণশুনানি অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকাল ৯টায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সম্মেলন কক্ষে এসব কর্মসূচির আয়োজন করা হয়। বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী সচেতনতা বৃদ্ধির অংশ হিসেবে এই উদ্যোগ নেওয়া হয়। ‘মাদকাসক্তিমুক্ত শিক্ষাঙ্গন তথা সমাজ বিনির্মাণে শিক্ষক, শিক্ষার্থী ও সুশীল সমাজের ভূমিকা’ শীর্ষক এই কর্মশালায় জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৩০ জন শিক্ষক অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে মূলত: মাদকের অপব্যবহার রোধ ও প্রতিরোধমূলক কার্যক্রমের কৌশল, মাদকাসক্তিমুক্ত ভবিষ্যৎ প্রজন্ম তৈরি, শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা সৃষ্টি ও ঝুঁকিপূর্ণ আচরণ শনাক্তকরণ, মাদকের নিরাময় ও পুনর্বাসন প্রক্রিয়া নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

## গোবিন্দগঞ্জে ছুরিকাঘাতে ছোট ভাইয়ের হাতে বড় ভাই খুঁন

**নুর আলম আকন্দ, গোবিন্দগঞ্জ গাইবান্ধা**

গাইবান্ধার গোবিন্দগঞ্জে ছোট ভাইয়ের হাতে ছুরিকাঘাতে বড় ভাই সাকিব শাহরিয়ার (২৪) নামের এক যুবক খুঁন হয়েছেন। বুধবার ১৭ জুন দিবাগত রাত সাড়ে ১২ টার দিকে পৌর শহরের ৯ নং ওয়ার্ডের মাগুরা গ্রামে এ নৃশংস ঘটনাটি ঘটে। নিহত সাকিব পৌর শহরের মাগুড়া গ্রামের এরশাদুল হক লিটনের ছেলে ও বন্দরে পরিচিত শিল্পী লাইব্রেরির মালিক জিয়ার নাতী। জানা গেছে, একটি মোটরসাইকেল চালনাকে কেন্দ্র করে নিজ বাড়ীতে দুই ভাইয়ের মধ্যে তর্ক বিতর্ক হওয়া এ ঘটনার সূত্রপাত হয়। এক পর্যায়ে আপন ছোট ভাই মোহাম্মদ রাকিব শাহরিয়ার (১৮) ধারালো অস্ত্র দ্বারা পিঠে আঘাত করলে গুরুতর আহত হয় তাৎক্ষণিক তাকে গোবিন্দগঞ্জ উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে নেওয়া হলে কর্তব্যরত ডাক্তার উন্নত চিকিৎসার জন্য তাকে শহীদ জিয়া মেডিকেল কলেজ, বগুড়ায় রেফার্ড করেন। শহীদ জিয়া মেডিকেল কলেজ হাসপাতালে পৌছিঁলে কর্তব্যরত ডাক্তার সাকিব শাহরিয়ার কে মৃত্যু ঘোষণা করেন। একটি সূত্রে জানা যায়, মোহাম্মদ রাকিব শাহরিয়ার রাতভর বিশ্বকাপ ফুটবল খেলা দেখে নেশা করে বাড়ী ফিড়ে পূর্বের তর্কের জেরে বড় ভাইকে ছুরিকাঘাঁত করে হত্যা করেন। সাকিবের মরদেহ ময়না তদন্তের পক্রিয়া কার্যক্রমে সহায়তা করতে বগুড়া শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালে অবস্থান করায় তাদের সাথে যোগাযোগ করে বক্তব্য পাওয়া যায়নি। সাকিবের র্মমান্তিক মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

গোবিন্দগঞ্জ থানার ওসি মোজাম্মেল হক খুনেঁর বিষয়টি নিশ্চিত করে জানান, এ বিষয়ে হত্যা মামলার প্রস্তুতি চলছে। এ রির্পোট লেখা পর্যন্ত খুনিঁ মোহাম্মদ রাকিব শাহরিয়ার পলাতক রয়েছে।

# মাগুরায় শ্রীপুর ছাত্রীকে শ্লীলতাহানির অভিযোগ শিক্ষককে অপসারণ দাবিতে উত্তাল বিদ্যালয়

**বিকাশ বাছাড়, মাগুরা**



মাগুরার শ্রীপুর উপজেলার হাট দারিয়াপুর সম্মিলনী মাধ্যমিক বিদ্যালয়ের এক সহকারী শিক্ষকের বিরুদ্ধে ষষ্ঠ শ্রেণীর এক ছাত্রীকে শ্লীলতাহানির অভিযোগ উঠেছে। অভিযুক্ত শিক্ষক মহসিন বিশ্বাসের অপসারণ ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে আজ বৃহস্পতিবার (১৮ জুন) উত্তাল হয়ে ওঠে বিদ্যালয় চত্বর।

?প্রত্যক্ষদর্শী ও স্থানীয় সূত্রে জানা যায়, গতকাল বুধবার বিকালে ওই ছাত্রীকে শ্লীলতাহানি করার ঘটনাটি ঘটে। এর প্রতিবাদে আজ সকাল ১২টায় হাট দারিয়াপুর সম্মিলনী মাধ্যমিক বিদ্যালয়ের মূল গেট থেকে একটি বিশাল বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি স্থানীয় বাজারের প্রধান সড়ক (মেইন রোড) প্রদক্ষিণ করে পুনরায় স্কুল চত্বরে এসে প্রতিবাদ সভায় মিলিত হয়। এই বিক্ষোভ মিছিলে বিদ্যালয়ের সকল শ্রেণীর ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক এবং স্থানীয় সর্বস্তরের সর্বসাধারণ অংশ নেন। প্রতিবাদ সভায় ক্ষোভ ও কান্নাভেজা কণ্ঠে সাধারণ শিক্ষার্থীরা বলে: ”আমরা শিক্ষকের কাছে সন্তানের মতো। শিক্ষকরা যেখানে আমাদের অভিভাবক, সেখানে তিনি যদি আমাদের সাথে এমন অশালীন আচরণ ও কুরুচিপূর্ণ ভাষা ব্যবহার করেন, তবে আমরা কোথায় নিরাপদ? আমরা এই ঘটনার তীব্র নিন্দা জানাই এবং উক্ত স্যারের দ্রুত ও দৃষ্টান্তমূলক শাস্তি চাই।” সমাবেশে বক্তব্য রাখেন দারিয়াপুর ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম প্রদীপ। তিনি বলেন, “এই বিতর্কিত শিক্ষক বিদ্যালয়ে থাকলে আমাদের স্কুলের মান-সম্মান ধূলিসাৎ হয়ে যাবে। তিনি বিগত দিনগুলোতেও এ ধরনের আপত্তিকর আচরণ অনেকবার করেছেন। অতীতে তাঁকে ক্ষমা করা হলেও, এবার আর কোনো ছাড় দেওয়া হবে না। আমরা অবিলম্বে তাঁর অপসারণ, স্কুল থেকে স্থায়ী অব্যাহতি এবং দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছি।” বিক্ষোভ মিছিলে অন্যান্যের মধ্যে আরও উপস্থিত ছিলেনড় সাবেক দারিয়াপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মশিউল আযম, শ্রীপুর উপজেলা কৃষকদলের যুগ্ম আহবায়ক মো. শুকুর মাহমুদ, বিএনপি নেতা ও দারিয়াপুর ইউনিয়নের সাবেক ইউপি সদস্য শাহাজাহান শেখ এবং অভিভাবক সদস্য মো. আনোয়ার হোসেন প্রমুখ। এলাকাবাসী ও অভিভাবকদের দাবি, কোমলমতি ছাত্র-ছাত্রীদের সুরক্ষায় প্রশাসন যেন দ্রুত এই শিক্ষকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে বিদ্যালয়টিকে কলঙ্কমুক্ত করে। এ বিষয়ে জানতে চাইলে হাট দারিয়াপুর সম্মিলনী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কাজী ইমাম হোসেন বলেন, “শিক্ষার্থীর যৌন হয়রানির অভিযোগের প্রেক্ষিতে অভিযুক্ত শিক্ষককে ইতোমধ্যে কারণ দর্শানোর (শোকজ) নোটিশ দেওয়া হয়েছে। আগামী তিন দিনের মধ্যে লিখিত জবাব সন্তোষজনক না হলে, তাঁর বিরুদ্ধে বিধি অনুযায়ী কঠোর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।”

## ঢাকা-আরিচা মহাসড়কে ট্রাক ও পিকআপের মুখোমুখি সংঘর্ষে নিহত ২, আহত ২

**এস, এ আলমগীর, মানিকগঞ্জ**

ঢাকা-আরিচা মহাসড়কের মানিকগঞ্জ সদর উপজেলার মূলজান এলাকায় ট্রাক ও পিকআপের মুখোমুখি সংঘর্ষে দুইজন নিহত এবং আরও দুইজন আহত হয়েছেন। বৃহস্পতিবার (১৮ জুন) বিকেলে এ দুর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা গেছে, বিকেলে মূলজান এলাকায় একটি দ্রুতগতির ট্রাকের সঙ্গে বিপরীতমুখী মুরগি বোঝাই একটি পিকআপের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে পিকআপটি দুমড়েমুচড়ে যায় এবং ঘটনাস্থলেই দুইজনের মৃত্যু হয়। এ সময় গাড়িতে থাকা আরও দুইজন গুরুতর আহত হন। দুর্ঘটনার পর স্থানীয়রা দ্রুত উদ্ধারকাজে এগিয়ে আসেন এবং আহতদের উদ্ধার করে মানিকগঞ্জ সদর হাসপাতালসহ স্থানীয় চিকিৎসাকেন্দ্রে ভর্তি করেন।

# স্মার্ট কৃষি ও নিরাপদ খাদ্য উৎপাদনে নীলফামারীতে পার্টনার কংগ্রেস অনুষ্ঠিত

**বি এম খাজানেওয়াজ, নীলফামারী**




স্মার্ট কৃষি ও নিরাপদ খাদ্য উৎপাদন নিশ্চিত করার লক্ষ্যে নীলফামারীতে প্রোগ্রাম অন এগ্রিকালচারাল অ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন অব নিউট্রিশন, এন্টারপ্রেনরশিপ অ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) প্রোগ্রামের আওতায় পার্টনার কংগ্রেস অনুষ্ঠিত হয়েছে।গতকাল বৃহস্পতিবার সদর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে এ কংগ্রেস অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মোছা. হোমায়রা মণ্ডলের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা প্রশাসক মোহাম্মদ নায়িরুজ্জামান। স্বাগত বক্তব্য রাখেন সদর উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ আতিক আহমেদ। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) ফারুক আহমেদ, জেলা মৎস্য কর্মকর্তা বরুন কুমার মণ্ডল, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোবাশ্বিরা আমাতুল্লাহ এবং জেলা বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম আহ্বায়ক সোহেল পারভেজ। অনুষ্ঠানে সঞ্চালনা করেন উপ-সহকারী কৃষি কর্মকর্তা রাকিব আবেদীন।এসময় বক্তারা বলেন, প্রযুক্তিনির্ভর চাষাবাদ, পুষ্টিসমৃদ্ধ খাদ্য উৎপাদন ও কৃষি উদ্যোক্তা সৃষ্টি দেশের কৃষিকে আধুনিক ও টেকসই করতে গুরুত্বপূর্ণ। তারা জানান, পার্টনার ফিল্ড স্কুলের (পিএফএস) প্রশিক্ষণপ্রাপ্ত কৃষকদের জ্ঞান ও অভিজ্ঞতা অন্যান্য কৃষকদের মধ্যেও ছড়িয়ে পড়ছে, যা কৃষির আধুনিকায়নে ভূমিকা রাখছে। শেষে আরেকটি অনুষ্ঠানে জাতীয় ফল মেলা উপলক্ষে ফল বাগান সৃজনে বিশেষ ভূমিকা রাখায় উদ্যোক্তাদের সম্মাননা প্রদান করা হয়। এরপর ২০২৫-২৬ অর্থ বছরে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে কৃষি পূর্ণবাসন ও প্রণোদনা কর্মসূচির আওতায় রোপা আমনের বীজ, মরিচ বীজ, ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা এবং বিনামূল্যে সার বিতরণ করা হয়। এর আগে ফল মেলা পরিদর্শন করেন জেলা প্রশাসক ও অন্যান্য অতিথিরা। এতে কৃষক, উদ্যোক্তা, বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা অংশ নেন।

# হোমনায় সড়ক দুর্ঘটনায় নিহত ১ আহত ৩

**মোরশিদ আলম, হোমনা (কুমিল্লা)**

কুমিল্লার হোমনায় বড় বোনের দাফন-কাফন ও চারদিন পরে কুলখানি শেষে বাড়ি ফেরার পথে সড়ক দুর্ঘটনায় রূপ মিয়া (৭০) নামে এক বৃদ্ধ নিহত হয়েছেন। এ ঘটনায় একই পরিবারের দুইজনসহ মোট তিনজন আহত হয়েছেন। বৃহস্পতিবার সকাল সাড়ে ৮টার দিকে ঢাকা-হোমনা সড়কের সিনাইয়া এলাকায় বিএডিসি হিমাগার সংলগ্ন সড়কে এ দুর্ঘটনা ঘটে। নিহত রূপ মিয়া মুরাদনগর উপজেলার রোয়াচালা গ্রামের বাসিন্দা। আহতরা হলেন নিহতের ছোট বোন হনুফা বেগম (৫০), ভগ্নিপতি বাবুল মিয়া (৫৫) এবং মালবাহী অটোরিকশার চালক মো. তানভীর (১৮)। আহত ছোট বোন হনুফা বেগমকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়েছে। এ ঘটনায় নিহতের ভাই মো. বিল্লাল হোসেন বাদী হয়ে হোমনা থানায় একটি মামলা দায়ের করেছেন। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, ঢাকার সানারপাড় এলাকায় বড় বোনের দাফন-কাফন ও চারদিনের মিলাদ এবং কুলখানি শেষে বাড়ি ফিরতে তারা বাসে করে দাউদকান্দির গৌরীপুরে নামেন। সেখান থেকে সিএনজিচালিত অটোরিকশায় হোমনা সদর হয়ে মুরাদনগরের উদ্দেশে রওনা দেন। পথে সিনাইয়া এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি মালবাহী অটোরিকশার সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই রূপ মিয়ার মৃত্যু হয়। হোমনা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা. মো. শহিদুল্লাহ জানান, রূপ মিয়া ঘটনাস্থলেই মারা যান। আহত হনুফা বেগমের অবস্থা গুরুতর হওয়ায় তাকে প্রাথমিক চিকিৎসা শেষে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। অন্য আহতদের প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। হোমনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা টমাস বড়ুয়া জানান, এ ঘটনায় নিহতের ভাই মো. বিল্লাল হোসেন বাদী হয়ে থানায় মামলা করেছেন। মামলার তদন্ত কর্মকর্তা ইন্সপেক্টর দীনেশ চন্দ্র দাস গুপ্ত বলেন, দুর্ঘটনার জন্য দায়ীদের শনাক্ত ও গ্রেপ্তারে পুলিশের অভিযান চলমান রয়েছে।

# ঐক্যবদ্ধ থাকলে কোনো ফ্যাসিস্ট শক্তি উন্নয়ন বাধাগ্রস্ত করতে পারবে না

### –সেতু প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ

**মোঃ পারভেজ, রূপগঞ্জ (নারায়ণগঞ্জ)**



সড়ক পরিবহন ও সেতু এবং রেল মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ এমপি বলেছেন, বর্তমান সরকার জনগণের ভোটে নির্বাচিত একটি জবাবদিহিমূলক সরকার। জনগণের উন্নয়ন এবং এলাকার উন্নয়নই সরকারের প্রধান লক্ষ্য। উন্নয়ন কার্যক্রমের মাধ্যমে দেশের সামগ্রিক অগ্রগতি নিশ্চিত করতে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ১৮ জুন বৃহস্পতিবার নারায়ণগঞ্জের রূপগঞ্জে বালু নদীতে নির্মিত অসমাপ্ত দুটি সেতু পরিদর্শনকালে তিনি এসব কথা বলেন। তিনি আরও বলেন, জনগণের প্রতিনিধি হিসেবে মানুষের সেবা করাই আমাদের প্রথম দায়িত্ব। দেশের উন্নয়ন ও জনগণের কল্যাণে প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে সরকার কাজ করছে। প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী দেশের প্রতিটি অঞ্চলের উন্নয়নে জনপ্রতিনিধিরা মাঠপর্যায়ে কাজ করে যাচ্ছেন। প্রতিমন্ত্রী আরও বলেন, আমরা উন্নয়নকে বিশ্বাস করি এবং জনগণের শক্তিতেই আস্থা রাখি। সবাই ঐক্যবদ্ধ থাকলে কোনো অগণতান্ত্রিক বা ফ্যাসিবাদী শক্তি দেশের অগ্রযাত্রাকে ব্যাহত করতে পারবে না। জনগণের দীর্ঘদিনের দাবি বিবেচনায় নিয়ে বালু নদীর ওপর নির্মাণাধীন এ দুটি সেতুর কাজ দ্রুত সম্পন্ন করে এলাকাবাসীর প্রত্যাশা পূরণ করা হবে।

?তিনি বৃহস্পতিবার পূর্বাচল ৩০০ ফিট সড়ক হয়ে রূপগঞ্জে এসে প্রথমে ইছাপুরা বাজার এলাকার ইছাপুরা অসমাপ্ত সেতু পরিদর্শন করেন। পরে কায়েতপাড়া ইউনিয়নের নগরপাড়া এলাকার নির্মাণাধীন সেতুর কাজের অগ্রগতি ঘুরে দেখেন। এ সময় তিনি সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন। ?পরিদর্শনকালে উপস্থিত ছিলেন নৌ পরিবহন প্রতিমন্ত্রী রাজিব আহসান, নারায়ণগঞ্জ-১ আসনের সংসদ সদস্য মোস্তাফিজুর রহমান ভূঁইয়া দিপু, ঢাকা-১৮ আসনের সংসদ সদস্য এস এম জাহাঙ্গীর হোসেন, গোপালগঞ্জ-৩ আসনের সংসদ সদস্য এস এম জিলানীসহ রূপগঞ্জ থানা বিএনপি নেতাকর্মী, স্থানীয় জনপ্রতিনিধি, প্রশাসনের কর্মকর্তা এবং সড়ক ও জনপথ বিভাগের কর্মকর্তারা।